



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”  
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
আবাসিক প্রকৌশলী’র দপ্তর  
রামু বিদ্যুৎ সরবরাহ, রামু, কক্সবাজার



## বৈদ্যুতিক নিরাপত্তা

### বাসাবাড়ির নিরাপত্তা

- ১) বিএসটিআই কর্তৃক অনুমোদিত পরিবাহী তার ও যন্ত্রপাতি ব্যবহার করুন।
- ২) সকল সার্কিট যথোপযুক্ত ফিউজ ব্যবহারের মাধ্যমে নিরাপদ রাখতে হবে।
- ৩) বাসায় ব্যবহৃত বৈদ্যুতিক যন্ত্রপাতি যেমন ফ্রিজ, ওভেন, টেলিভিশন, কম্পিউটার ইত্যাদি সঠিকভাবে গ্রাউন্ডিং করা থাকতে হবে।
- ৪) সকল সুইচ সরবরাহ লাইনের ফেজের সাথে সংযুক্ত থাকবে।
- ৫) সিংগেল ফেজের জন্য দুই মেরু ও থ্রী ফেজের জন্য চার মেরু বিশিষ্ট মেইন সুইচ ব্যবহার করতে হবে।
- ৬) বিকল্প জেনারেটর স্থাপনের সময় সঠিক রেটিং এর চেঞ্জ ওভার সুইচ ব্যবহার করতে হবে।
- ৭) ভেজা হাতে সুইচ ব্যবহার করা ঠিক নয়।
- ৮) বাড়ী নির্মাণের সময় নিকতবর্তী বৈদ্যুতিক লাইন থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে।
- ৯) গাছ লাগানোর সময় লক্ষ রাখতে হবে যেন ওভারহেড লাইন থেকে প্রয়োজনীয় দূরত্ব বজায় থাকে।

### বিদ্যুৎ কর্মীদের নিরাপত্তা

- ১) সাব-স্টেশন এর সকল কাজ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কে দিয়ে করাতে হবে।
- ২) পরিদর্শন বা রক্ষণাবেক্ষন ব্যতিরেকে অন্যান্য সময় উচ্চ বৈদ্যুতিক ক্ষমতা সম্পন্ন যন্ত্রপাতি সমৃদ্ধ স্থাপনার প্রবেশদ্বার বন্ধ রাখতে হবে।
- ৩) কাজ করার সময় লক্ষ রাখতে হবে যে লাইন ও যন্ত্র সামগ্রীর বৈদ্যুতিক সংযোগ পরিপূর্ণরূপে বিচ্ছিন্ন করা হয়েছে কিনা, প্রতিটি ফেজ টেস্ট করে প্রয়োজনে গ্রাউন্ডিং করে দিতে হবে।
- ৪) প্রতিটি কর্মী কে কাজের সময় উপযুক্ত পোশাক পরিধান করতে হবে, যথোপযুক্ত জুতা, হেলমেট, গ্লাভস ব্যবহার করতে হবে।
- ৫) কর্মীদের কে কাজের সময় অনুমোদিত নিরাপত্তা বেল্ট ও স্ট্র্যাপ ব্যবহার করতে হবে এবং অন্যান্য সুরক্ষা ব্যবস্থা নিতে হবে।
- ৬) বহনযোগ্য মই দিয়ে কাজ করার ক্ষেত্রে প্রয়োজনে মই বেধে কাজ করতে হবে যেন কোন ভাবেই পিছলে পড়ে না যায়।
- ৭) কার্যক্ষেত্রে ব্যবহারের যন্ত্রপাতি সমূহ সঠিক ভাবে কাজ করছে কিনা তা লক্ষ রাখতে হবে এবং যথাপোযুক্ত ভাবে সংরক্ষন করতে হবে, ত্রুটি পূর্ণ যন্ত্রপাতি বাদ দিতে হবে।
- ৮) বিদ্যুত সংযোগ আছে এমন লাইন বা যন্ত্রপাতি নিয়ে কাজ করার সময় পরিবাহী বস্তু নিরাপদ দূরত্বে রাখতে হবে। নিরাপদ দূরত্ব অর্থঃ

কেভি	নিরাপদ দূরত্ব
১১ কেভি	২ ফিট
৩৩ কেভি	৩ ফিট